

# Joint Press Release of the 6th Deputy National Security Adviser Level Meeting of the Colombo Security Conclave

July 07, 2022

## কলম্বো সিকিউরিটি কনক্লেভের ষষ্ঠ উপ জাতীয় নিরাপত্তা উপদেষ্টা স্তরের বৈঠকের যৌথ প্রেস বিবৃতি

জুলাই 07, 2022

7ই জুলাই 2022 তারিখে কোচিতে ভারতের জাতীয় নিরাপত্তা পরিষদের সচিবালয় দ্বারা আয়োজিত ভারত, মালদ্বীপ মরিশাস এবং শ্রী লংকা নিয়ে গঠিত কলম্বো সিকিউরিটি কনক্লেভের সদস্য দেশগুলি ষষ্ঠ উপ জাতীয় নিরাপত্তা উপদেষ্টা স্তরের বৈঠক সফলরূপে সম্পন্ন করেছে। বাংলাদেশ এবং সেমেলসের প্রতিনিধিরা পরিদর্শক হিসেবে অংশগ্রহণ করেছিলেন।

এক্সেলেন্সিস, শ্রী বিক্রম মিশ্রি , ভারতের উপ জাতীয় নিরাপত্তা উপদেষ্টা, শ্রীযুক্ত আহমেদ লতিফ, মালদ্বীপ প্রজাতন্ত্রের বিদেশ সচিব, শ্রীযুক্ত যোধিষ্ঠির থেকা, মরিশাস প্রজাতন্ত্রের প্রধানমন্ত্রীর অফিসের নিরাপত্তা বিষয়ক প্রিন্সিপাল কোঅর্ডিনেটর এবং জেনারেল শাভেন্দ্র সিলভা, ডব্লিউডব্লিউডি, আরডব্লিউপি, আরএসপি, ভিএসভি, ইউএসপি, এনডিসি, পিএসসি, এমফিল, গণতান্ত্রিক, সমাজবাদী প্রজাতন্ত্র শ্রী লিংকার সেনাবাহিনীর প্রধান , তাদের নিজ নিজ প্রতিনিধিদলের নেতৃত্ব দিয়েছেন। শ্রীলংকার কলম্বোতে সিএসসি সচিবালয়-এর তরফ থেকে প্রতিনিধিত্ব করেছেন , শ্রীলংকার নৌবাহিনীর ডিরেক্টর ন্যাভাল অপারেশনস এবং ডিরেক্টর অব ন্যাভাল ফরেন কোঅপারেশন, কার্যকরি সচিব কমোডোর এম এইচ নিশান্ত পেইরিস, আরএসপি, ইউএসপি। বাংলাদেশের প্রতিনিধিদলের নেতৃত্ব দিয়েছেন লেফটেন্যান্ট জেনারেল ওয়াকার উজ জামান , এসজিপি, পিএসসি, প্রিন্সিপাল সিকিউরিটি অফিসার , সশস্ত্র বাহিনী, অন্যদিকে সেমেলসের প্রতিনিধিদলের নেতৃত্ব দিয়েছেন হিজ এক্সেলেন্সি সাইমন আর্চ্যাঞ্জ ডাইন, সেমেলস প্রতিরক্ষা বাহিনীর চীফ অব স্টাফ।

অংশগ্রহণকারীরা 2022-23 -এর জন্য সহযোগিতার রোডম্যাপের বাস্তবায়ন এবং 2022-এর 9-10 মার্চে অনুষ্ঠিত কলম্বো সিকিউরিটি কনক্লেভের পঞ্চম এনএসএ পর্যায়ের বৈঠকে নিম্নলিখিত পাঁচটি স্তরের উপরে গৃহীত সিদ্ধান্ত নিয়ে আলোচনা করেছেন:

- সামুদ্রিক নিরাপত্তা ও সুরক্ষা
- সন্ত্রাসবাদ এবং মৌলবাদ প্রতিরোধ
- পাচার এবং আন্তর্জাতিক সংগঠিত অপরাধের বিরুদ্ধে লড়াই করা
- সাইবার সুরক্ষা, জটিল অবকাঠামো ও প্রযুক্তির সুরক্ষা
- মানবিক সহায়তা এবং বিপর্যয় ত্রাণ।

নিউদিল্লি

জুলাই07,2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.